

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-১০

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১৫.২৬.২০০.২৩ নথির বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন ডিএমএ-১০০৩ এ ১৬০ মিঃ মিঃ ব্যাস এইচডিপিই পানির লাইনের লিকেজ মেরামত করণ এবং গেইট ভালভ খোঁজে বের করণ কাজ প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: মডস জোন-১০ এর আওতাধীন ডিএমএ-১০০৩ এ ১৬০ মিঃ মিঃ ব্যাস এইচডিপিই পানির লাইনের লিকেজ মেরামত করণ এবং গেইট ভালভ খোঁজে বের করণ কাজ প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২৪/৮/২৩ ৪:৫৮ অপরাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র বিভাগের ডিএমএ-১০০৩ এর ১৪-বি ডেটাল কলেজের পিছনে এর ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক স্ট্রম ড্রেনেজ লাইন স্থাপন কাজের সময় গত ১৫/০৮/২০২৩ ইং তারিখ এবং ১৭/০৮/২০২৩ ইং তারিখ ঢাকা ওয়াসার ১৬০মিঃমিঃ ব্যাস এইচডিপিই পানির লাইন ক্ষতিগ্রস্ত হয়। এতে প্রচুর পানি অপচয় সহ তিনটি সড়কে পানি সরবরাহ বন্ধ হয়ে যায়। স্ট্রম ড্রেনেজ লাইন সংলগ্ন ক্ষতিগ্রস্ত পানির লাইনটি যথাযথ ভাবে মেরামত করণে ইলেক্ট্রোফিউশন স্লিভ জয়েন্ট করা প্রয়োজন দেখা দেয়। স্ট্রম ড্রেনেজ লাইনের পানি এবং পানির লাইনের পানি বন্ধ করতে না পাড়ায় ইলেক্ট্রোফিউশন স্লিভ জয়েন্ট করতে বিরম্বনায় পড়তে হয়। বেশ কয়েকটি জায়গায় স্ট্রম ড্রেনেজ পিট ব্লক করে এবং ডি-ওয়াটারিং করে পানি নিয়ন্ত্রণে রেখে গত ২১/০৮/২০২৩ ইং তারিখ কাজটি সম্পন্ন করা হয়। এছাড়াও পানির লাইন সম্পূর্ণ ভাবে বন্ধ করার জন্য তিনটি গেইট ভালভ বন্ধ করার প্রয়োজন দেখা দেয়। তবে দুইটি গেইট ভালভ চেম্বার রাস্তার কার্পেটিং এর নিচে ঢেকে পড়ায় পানি বন্ধ করার স্বার্থে জরুরী ভিত্তিতে খুঁজে বের করার প্রয়োজন হয়েছে। বর্ণিত কাজ সমূহ সম্পন্ন করণে বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হল। প্রাক্কলনে সর্বমোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে টাঃ ৪৯,৭২৪/- (উনপঞ্চাশ হাজার সাতশত চব্বিশ টাকা মাত্র) টাকা (সংযুক্তি ক্রমিক নং-২ এ প্রাক্কলন)। আলোচ্য কাজের ব্যয়ভার অত্র মডস জোন-১০ এর ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Water Pipe Line Maintenance (01-04-001) খাতের ক্রমিক নং B (iii) হতে নির্বাহ করা যেতে পারে (সংযুক্তি ক্রমিক নং-১)।


সংযুক্তিসমূহ (২):

১। ২০২৩-২৪ ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।

২। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২৪/৮/২৩ ৪:৫৯ অপরাহ্ন

এমতাবস্থায়, সম্পাদিত মডস জোন-১০ এর আওতাধীন ডিএমএ-১০০৩ এ ১৬০ মিঃমিঃ ব্যাস এইচডিপিই পানির লাইনের লিকেজ মেরামত করণ কাজ এবং গেইট ভালভ খোঁজে বের করণ কাজটির পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৭৬/১ (ট) বিধি অনুযায়ী মেসার্স এসথেটিক ডিজাইন এন্ড ডেভেলপারস অনুকূলে সরাসরি চুক্তি সম্পাদনের লক্ষ্যে উপস্থাপিত টাঃ ৪৯,৭২৪/- (উনপঞ্চাশ হাজার সাতশত চব্বিশ টাকা মাত্র) টাকার প্রাক্কলনটির Post Facto অনুমোদন দেওয়া যেতে পারে, যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

			
২৪/৮/২৩ ৫:০০ অপরাহ্ন শামছুন নাহার উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-১০	২৭/৮/২৩ ৪:১০ অপরাহ্ন মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	২৭/৮/২৩ ১০:১৭ অপরাহ্ন মোঃ মিজানুর রহমান তত্ত্বাবধায়ক প্রকৌশলী মডস সার্কেল-২	২৭/৮/২৩ ১০:১৭ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২৮/৮/২৩ ৫:৫৪ পূর্বাহ্ন

অনুমোদিত

		
২৮/৮/২৩ ৫:৫৪ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	২৮/৮/২৩ ৯:২৭ পূর্বাহ্ন মোহাম্মদ আশরাফুল হাবীব চৌধুরী নির্বাহী প্রকৌশলী মডস জোন-১০	২৮/৮/২৩ ২:২৭ অপরাহ্ন শামছুন নাহার উপ-সহকারী প্রকৌশলী মডস জোন-১০